

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩ শহীদ ক্যাপটেন মনসুর আলী সরগি
মৎস্য ভবন, রমনা, ঢাকা- ১০০০
www.fisheries.gov.bd

নং- ৩৩.০২.০০০০.১০২.০১.০১৫.৮৭- ৭৮৫

তারিখঃ ২৮/০৮/২০১৬ খ্রি.

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ৩১/০৭/২০১৬ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১২৬.০৩.০০১.১৫-৩৫৫ সংখ্যক প্রজ্ঞাপন মূলে আপনি জনাব মোঃ গোলাম মোস্তফা আকন্দ, জেলা মৎস্য কর্মকর্তা, শেরপুর-কে একই গ্রেডডুক্ত (৫ম গ্রেড) সমমানের পদ সিনিয়র সহকারী পরিচালক হিসাবে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মানিকগঞ্জ- এ বদলী করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপন আদেশে ০৭/০৮/২০১৬ খ্রি. তারিখের মধ্যে বদলীকৃত নতুন কর্মস্থলে যোগদান করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অন্যথায় ০৮/০৮/২০১৬ খ্রি. তারিখ পূর্বাঙ্ক হতে তাৎক্ষণিকভাবে অবমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন মর্মে উল্লেখ রয়েছে। সে প্রেক্ষিতে মৎস্য অধিদপ্তরের ০২/০৮/২০১৬ খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.১০২.৫১.০১০.০৬-৭১০ সংখ্যক স্মারক মূলে সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, শেরপুর এর নিকট দায়িত্বভার হস্তান্তরপূর্বক নতুন কর্মস্থলে যোগদানের নিমিত্ত মুভমেন্ট আদেশ জারী করা হয়। কিন্তু আপনি অদ্যাবধি বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে পূর্বের কর্মস্থলে অবস্থান করছেন। আপনার এহেন কার্যকলাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের ন্যায়সঙ্গত আদেশ অমান্যকরন, সরকারী দায়িত্ব পালনে চরম অবহেলা, দায়িত্বহীনতার পরিচয় বহন করে যা “অসদাচরনের” শামিল।

এমতাবস্থায়, আপনার এহেন কার্যকলাপের জন্য কেন আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী সাত (০৭) কার্যদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(সৈয়দ আরিফ আজাদ)

মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)

ফোন: ০২-৯৫৬২৮৬১

ই-মেইল: dg@fisheries.gov.bd

জনাব মোঃ গোলাম মোস্তফা আকন্দ
সিনিয়র সহকারী পরিচালক
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, মানিকগঞ্জ এ বদলীর আদেশাধীন
(প্রাক্তন জেলা মৎস্য কর্মকর্তা, শেরপুর)

অনুলিপিঃ

- ১। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সদয় জ্ঞাতার্থে)।
- ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ। (জ্ঞাতার্থে ও কার্যার্থে)।